

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়  
রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড  
রাজশাহী সেনানিবাস, রাজশাহী-৬২০২  
www.cbraj.gov.bd

নং-২৩.২২.৭০১০.০১১.১৮.০৩৪.২০- ০৬

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিষয় : পবিত্র হজ্জ পালনের জন্য বহিবাংলাদেশ (অর্জিত) ছুটি মঞ্জুরকরণ।

সূত্র : ক) সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসের ০৩/০৪/২০২৪ খ্রি. তারিখের  
২৩.২২.০০০০.০১৮.০৮.১৬৯.২৩-২৯১ নং পত্র।

খ) জনাব মোহাম্মদ মোশারফ হোসেন, সহকারী শিক্ষক (গণিত), রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ, রাজশাহী সেনানিবাস  
এর ১৫-০৫-২০২৪ খ্রি তারিখের আবেদন।

সূত্রোক্ত 'ক' নং পত্রের অনুমোদন ও সূত্র 'খ' এর আবেদনের প্রেক্ষিতে জনাব মোহাম্মদ মোশারফ হোসেন, সহকারী শিক্ষক (গণিত), রাজশাহী  
ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ, রাজশাহী সেনানিবাস-কে পবিত্র হজ্জ পালন এর জন্য বহিঃ বাংলাদেশ (সৌদি আরব) গমনের অনুমতিসহ ২৯-০৫-  
২০২৪ খ্রি. তারিখ হতে ১৭-০৭-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সর্বমোট ৫০ (পঞ্চাশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রদান করা হলো:-

- এ ভ্রমণে বাংলাদেশ সরকার/এ অধিদপ্তর/ক্যান্টনমেন্ট বোর্ড/শিক্ষা প্রতিষ্ঠানের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ভ্রমণকালে তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
- এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বর্ণিত কর্মচারী ব্যক্তিগত আয়ের উৎস থেকে বহন করবেন;
- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না এবং বিদেশে অবস্থাকালীন এ ছুটি বর্ধিতকরণের  
আবেদন গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ  
করা হবে;
- দেশে ফিরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করবেন এবং ছুটি শেষে বর্ণিত কর্মচারী নিজ  
কর্মস্থলে যোগদান করবেন এবং চাকুরি বহিতে লিপিবদ্ধ করতে হবে;
- এ ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর বিধি-২৩৪ এর পরিশিষ্ট (VIII) এর ক্রম ৩৪ এর বিধান প্রযোজ্য হবে ;
- অনুমোদিত বহিঃ বাংলাদেশ ছুটির পরবর্তী অনুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতা প্রাপ্য হবেনা।

স্বাঃ-

(আহম্মদ আলী)

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

রাজশাহী সেনানিবাস

ফোন : ০২৫৮৮৮৬২৫১৪

ceo\_rajshahi@dmlc.gov.bd

নং-২৩.২২.৭০১০.০১১.১৮.০৩৪.২০- ০৬

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ  
১৬ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/ কার্যার্থে :

- ইমিগ্রেশন অফিসার  
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- অধ্যক্ষ, রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ।
- জনাব মোহাম্মদ মোশারফ হোসেন  
সহকারী শিক্ষক (গণিত)  
রাজশাহী ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল এন্ড কলেজ।
- অফিস আদেশ বহি।

(আহম্মদ আলী)  
২৩/০৫/২০২৪

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

রাজশাহী সেনানিবাস

ফোন : ০২৫৮৮৮৬২৫১৪

ceo\_rajshahi@dmlc.gov.bd